ডিসেম্বর ২৪, ২০১৬

ইলেকশন ওয়ার্কিং গ্রুপ

২২ ডিসেম্বর ২০১৬ তারিখে অনুষ্ঠিত নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন নির্বাচন পর্যবেক্ষণ বিষয়ে

প্রাথমিক বিবৃতি

সার-সংক্ষেপ

ইলেকশন ওয়ার্কিং গ্রুপ (ইডব্লিউজি) এর পর্যবেক্ষণ অনুযায়ী ২২ ডিসেম্বর ২০১৬ তারিখে অনুষ্ঠিত নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন নির্বাচন সামগ্রিকভাবে শান্তিপূর্ণ ও বিশ্বাসযোগ্য হয়েছে। ইডব্লিউজি'র পর্যবেক্ষণে এ নির্বাচনে সহিংসতা ও জাল ভোটের কোনো ঘটনা পরিলক্ষিত হয়নি; কয়েক স্তরের কঠোর নিরাপত্তায় অনুষ্ঠিত এ নির্বাচনে ভোটার উপস্থিতি ছিল উল্লেখ করার মত। সাধারণভাবে ভোটগ্রহণ কর্মকর্তাদেরকে নিরপেক্ষতা বজায় রেখে দক্ষতা ও পেশাদারিত্বের সাথে ভোটগ্রহণ কার্যক্রম পরিচালনা করতে দেখা গেছে। ভোটাররাও সুশৃঙ্খলভাবে তাদের ভোটাধিকার প্রয়োগ করতে পেরেছেন। ইডব্লিউজি'র পর্যবেক্ষণে এ নির্বাচনে কোনো অপকর্ম এবং অনিয়মের ঘটনা না ঘটায় ইডব্লিউজি মনে করছে কাজী রকিবউদ্দীন আহমদ কমিশনের অধীনে অনুষ্ঠিত নির্বাচনগুলোর মধ্যে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন নির্বাচন সর্বাপেক্ষা ভালো নির্বাচন; এবং সাম্প্রতিক সময়ে বাংলাদেশে অনুষ্ঠিত নির্বাচনসমূহে সহিংসতা, ভোট জালিয়াতি এবং অন্যান্য নির্বাচনী অনিয়মের যে চিত্র দেখা গেছে - এ নির্বাচনের মাধ্যমে তার একটি রূপান্তর (transformation) ঘটেছে বলে মনে করা যায়।

পর্যবেক্ষণ পদ্ধতি

সর্বমোট ১৭৪ টি ভোট কেন্দ্রের মধ্যে ইডব্লিউজি ৩১ টি (১৭.৮%) ভোট কেন্দ্র পর্যবেক্ষণ করেছে; ২৭টি ওয়ার্ডের মধ্য থেকে ১১ টি ওয়ার্ড বাছাই করার পর ঐসব ওয়ার্ড থেকে ৩১টি ভোট কেন্দ্র বাছাই করা হয়। নির্বাচন কমিশন কর্তৃক প্রকাশিত ভোটকেন্দ্রের পূর্ণাঙ্গ তালিকা থেকে দৈবচয়ন পদ্ধতির মাধ্যমে এসব কেন্দ্র বাছাই করা হয়। নির্বাচন-দিনের আগেই ৩১ জন পর্যবেক্ষককে দিন-ব্যাপী প্রশিক্ষণ দেওয়া হয় এবং এসব পর্যবেক্ষকদের অনেকেরই নির্বাচন পর্যবেক্ষণের পূর্ব অভিজ্ঞতা ছিল। ইডব্লিউজি'র এই ব্যাপক-ভিত্তিক পর্যবেক্ষণে যেসব বিষয়গুলো বিবেচনায় নেয়া হয় সেগুলো হল: (১) ভোটকেন্দ্র খোলার সময়কাল (Opening of the polling station) পর্যবেক্ষণ (২) ভোটগ্রহণ কার্যক্রম (Voting Operations) পর্যবেক্ষণ (৩) ভোট কেন্দ্র বন্ধ ঘোষণা (Closing) ও ভোটগণনা (Counting) পর্যবেক্ষণ এবং (৪) ভোটকেন্দ্রের বাইরের সার্বিক পরিস্থিতি পর্যবেক্ষণ।

ভোটগ্রহণ শুরুর সময়

ইডব্লিউজি'র পর্যবেক্ষণ অনুযায়ী, পর্যবেক্ষিত সকল ভোটকেন্দ্র ভোটগ্রহণের জন্য প্রয়োজনীয় নির্বাচনী সরঞ্জামসহ প্রস্তুত ছিল এবং সকল ভোট কেন্দ্রেই নির্ধারিত সময়েই ভোটগ্রহণ শুরু হয়েছিল। ভোটগ্রহণ শুরুর আগে ব্যালট বাক্সগুলো যে খালি ছিল সেটা প্রমাণের জন্য পর্যবেক্ষণকৃত সকল ভোটকেন্দ্রে পোলিং এজেন্ট ও পর্যবেক্ষদের সামনে ব্যালট বাক্স খোলা হয়েছিল। ভোটগ্রহণ শুরুর সময় পর্যবেক্ষণকৃত ৯৩% কেন্দ্রে দেখা গেছে ভোটাররা ভোট প্রদানের জন্য লম্বা লাইনে দাঁড়িয়ে আছেন।

ভোটগ্রহণ কার্যক্রম

ভোটের শুরু থেকে শেষ পর্যন্ত ভোটগ্রহণ কার্যক্রম ছিল শান্তিপূর্ণ । পর্যবেক্ষণকৃত সকল ভোটকেন্দ্রে বড় দুটি রাজনৈতিক দলের পোলিং এজেন্টবৃন্দ উপস্থিত ছিল। পোলিং এজেন্ট অথবা ভোটারদের কেন্দ্র থেকে জোরপূর্বক বের করে দেয়ার কোনো নজির দেখা যায়নি,

এমনকি ভোটগ্রহণে অনিয়ম নিয়ে কোন প্রার্থী বা নির্বাচনী এজেন্টদের কাছ থেকে কোনো অভিযোগও পাওয়া যায়নি। ইডব্লিউজি'র পর্যবেক্ষকবৃন্দ দেখতে পেয়েছেন যে বয়স্ক, গর্ভবতী নারী, দৃষ্টি প্রতিবন্ধী ও অন্যান্যভাবে প্রতিবন্ধী ভোটারদের ভোট প্রদানের জন্য বিশেষ গুরুত্ব দেয়া হয়েছে। কোথাও কোথাও সময়ের সাথে সাথে ভোটারদের লাইন দীর্ঘ হওয়ায়, পর্যবেক্ষকরা দেখতে পান যে কিছু ভোটার পরে আসবেন বলে চলে গেছেন। ইডব্লিউজি'র পর্যবেক্ষকবৃন্দ দিনের বিভিন্ন সময়ে নিম্নবর্ণিত ভোট প্রদানের হার লিপিবদ্ধ করেছেন:

সকাল ১০.০০ টা	**দুপুর ০১.০০ টা**	**বিকাল ০৩.০০ টা**
২৪%	৪৫%	৫৬%

সহিংসতা বিহীন ও নিয়মতান্ত্রিক শান্তিপূর্ণ নির্বাচন

ইডব্লিউজি'র নিয়োগকৃত পর্যবেক্ষকদের পর্যবেক্ষণে দেখা যায় যে, ভোটকেন্দ্রগুলোতে কোনো সহিংসতা বা নিয়মের কোনো ব্যত্যয় ঘটেনি। ভোটারদের বাঁধাপ্রদান বা ভয়ভীতি প্রদর্শন, ব্যালট পেপার জোর করে নিয়ে সেগুলোতে সিল মারা, দুস্কৃতিকারী কর্তৃক হামলা, জাল ভোট প্রদান/কারচুপি ইত্যাদি অনিয়মের কোনো ঘটনা ঘটেনি। পর্যবেক্ষণকৃত ভোটকেন্দ্রে কোনো স্বার্থান্বেষী মহল বা ব্যক্তি কর্তৃক ভোটগ্রহণ প্রক্রিয়ায় বাধাপ্রদান/ বিশৃঙ্খলার কোনো ঘটনাও ঘটেনি।

ভোটগ্রহণ সমাপ্তি ও গণণা

বিকাল ৪টায় ভোটগ্রহণ শেষ হওয়ার পরপরই পর্যবেক্ষিত সকল কেন্দ্রে ভোট গণণা শুরু হয়েছিল। ইডব্লিউজি পর্যবেক্ষণকৃত ৯৬% কেন্দ্রে দেখা গেছে প্রিজাইডিং অফিসার - পোলিং এজেন্ট ও পর্যবেক্ষকদের প্রবেশ নিশ্চিত করে ভোট গনণা শুরু করেছেন। এছাড়াও পর্যবেক্ষণকৃত সকল কেন্দ্রে পর্যবেক্ষকবৃন্দ গণণা কক্ষে অযাচিত কোন ব্যক্তির উপস্থিতি দেখতে পাননি। গণণার পূর্বে সকল ব্যালট বাক্সে নিরাপত্তা সিল সঠিকভাবে লাগানো ছিল। যদিও পর্যবেক্ষণকৃত ৩ টি কেন্দ্রে পর্যবেক্ষকদের প্রবেশ করতে দেয়া হয়নি।

যোগাযোগ:

মো. আব্দুল আলীম (পিএইচডি)
পরিচালক - ইডব্লিউজি
বাড়ী # ০৫, সড়ক # ০৮, বারিধারা আ/এ, ঢাকা-১২১২
মোবাইল: ০১৭৩৩৫৬৮০৪৪, ই-মেইল: aalim@ewgbg.org

ইডব্লিউজি পরিচিতি

নির্বাচনী প্রক্রিয়ায় অধিকতর স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা এবং গণতান্ত্রিক প্রক্রিয়া জোরদার করার লক্ষ্যে ২০০৬ সালে বাংলাদেশের ২৭টি প্রতিষ্ঠিত সিভিল সোসাইটি প্রতিষ্ঠানের/সংস্থার সমন্বয়ে গঠিত হয় ইলেকশন ওয়ার্কিং গ্রুপ (ইডব্লিউজি)। ইডব্লিউজি কিছু অবশ্য পালনীয় আচরণবিধির (code of conduct) দ্বারা পরিচালিত হয়ে সারা দেশে ব্যাপক-ভিত্তিক নির্বাচন পর্যবেক্ষণ করে থাকে। ইডব্লিউজি নির্বাচন পর্যবেক্ষণে দৈব চয়নের মাধ্যমে ভোটকেন্দ্র নির্বাচন করে এবং পর্যবেক্ষকদেরকে ব্যাপক-ভিত্তিক প্রশিক্ষণ দিয়ে এ পর্যবেক্ষণ করে থাকে। প্রতিষ্ঠার পর থেকে ইডব্লিউজি জাতীয় সংসদ, সিটি কর্পোরেশন নির্বাচনসহ বিভিন্ন স্থানীয় পর্যায়ের নির্বাচন পর্যবেক্ষণ, নির্বাচন-সংক্রান্ত বিভিন বিষয়ে এডভোকেসি, নির্বাচনী ব্যবস্থার অধিকতর উন্নয়নে মতামত প্রদান করে আসছে।